

শেখ হাসিনার মমতা  
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.dss.gov.bd](http://www.dss.gov.bd)



স্মারক নম্বর : ৪১.০১.০০০০.০৪৯.১৯.০১৮.২০. ২০৯

তারিখ: ২০ ফেব্রুয়ারি ১৪২৬  
২৪ মার্চ ২০২০

বিষয় : সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন উপকারভোগীদের সুবিধামত সময়ে ভাতার অর্থ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা পরিচালিত হচ্ছে। এ সকল কর্মসূচির উপকারভোগীগণ আপনার নিয়ন্ত্রনাধীন ব্যাংক শাখার মাধ্যমে ভাতার অর্থ গ্রহণ করেন। কিন্তু ভাতার অর্থ একটি নির্ধারিত তারিখে বিতরণ করায় সংশ্লিষ্ট শাখায় অনেক ভিড় হয়। করোনা ভাইরাসের প্রভাবে বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে সরকারী নির্দেশনা মোতাবেক গণজমায়েত নিষিদ্ধ রয়েছে। কাজেই একটি নির্ধারিত দিনের পরিবর্তে ব্যাংকসমূহে তাদের ভাতার অর্থ সকল কর্মদিবসে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হলে ভাতাভোগীগণ সুবিধামত তাদের ভাতার অর্থ উত্তোলন করার সুযোগ পাবেন এবং স্বাস্থ্য বিধি বহির্ভূত জমায়েত পরিহার করা সম্ভব হবে।

এমতাবস্থায়, আপনার আওতাধীন সকল ব্যাংক শাখাকে নির্ধারিত তারিখের পরিবর্তে সকল কর্মদিবসে ভাতা বিতরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ব্যবস্থাপনা পরিচালক  
সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
.....

শেখ রফিকুল ইসলাম

মহাপরিচালক

টেলিফোন: ৫৫০০৭০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল) ,.....।
০৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়(সকল) ,.....।
০৪. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় (সকল) ,.....।
০৫. ব্যবস্থাপক,.....